

🗏 আল-আ'রাফ | Al-A'raf | ٱلْأَعْرَاف

আয়াতঃ ৭:২০১

আরবি মূল আয়াত:

إِنَّ الَّذِينَ اتَّقُوا إِذَا مَسَّهُم طَبِّفٌ مِّنَ الشَّيطُنِ تَذَكَّرُوا فَإِذَا هُم مُّبِصِرُونَ الشَّيطُنِ تَذَكَّرُوا فَإِذَا هُم مُّبِصِرُونَ الشَّيطُنِ تَذَكَّرُوا فَإِذَا هُم مُّبِصِرُونَ اللَّيَّالِيَ التَّقُوا إِذَا هُم مُّبِصِرُونَ الشَّيطُنِ تَذَكَّرُوا فَإِذَا هُم مُّبِصِرُونَ اللَّيْطِنِ تَذَكَّرُوا فَإِذَا هُم مُّبِصِرُونَ اللَّيْطِنِ الللَّيْطِنِ اللَّيْطِنِ الللَّيْطِينِ اللَّيْطِنِ اللَّيْطِنِ اللَّيْطِينِ اللَّيْطِينِ اللَّيْطِنِ اللَّيْطِينِ اللَّيْطِينِ اللْمُثَلِّقِينَ اللَّيْطِينِ الللْلِيْطِينِ اللْمِيْطِينِ اللَّيْطِينِ الللْمُثَلِينِ الللْمُثَلِينِ الللْمِينِ الللْمِينِ الللْمُثَلِينِ الللْمُثَلِينِ الللْمُثَلِينِ اللْمُثَلِينِ الللْمُثَالِينِ اللْمُثَلِينِ الللْمُثَلِينِ اللللْمُثَلِينِ الللْمُثَلِينِ الللْمُثَلِينِ الللْمُلْمِينِ اللللْمُثَلِينِ الللْمُثَلِينِ الللْمُثَلِينِ الللْمُثَلِينِ الللْمُثَلِينِ الللْمُثَلِينِ الللللْمُلِينِ الللْمُلْمِينِ الللْمِينَ الللْمُلْمِينِ اللْمُلْمُلِيلِينِ الللْمُلْمِينِ اللْمُلْمِينِ اللْمُلْمِينِ اللْمُلْمِينِ اللللْمُلْمِينِ الللْمُلْمِينِ اللللْمُلْمِينِ الللْمُلْمِينِ اللللْمُلْمِينِ اللْمُلْمِينِ اللْمُلْمِينِ الللْمُلْمِينِ الْمُلْمِينِ الللْمُلْمِينِ الللْمُلْمِينِ اللْمُلْمِينِ اللْمُلْمِينِ اللْمُلْمِينِ الللْمُلْمِينِ اللْمُلْمِينِ الْمُلْمِينِ الْمُلْمِينِ اللْمُلْمِينِ اللْمُلْمِينِ الْمُلْمِينِ الللْمُلْمِينَا الْمُلْمِينِ الْمُلْمِينِ الْمُلْمِينِ الْمُلْمِينِ الْمُلْم

নিশ্চয় যারা তাকওয়া অবলম্বন করেছে যখন তাদেরকে শয়তানের পক্ষ থেকে কোন কুমন্ত্রণা স্পর্শ করে তখন তারা আল্লাহকে স্মরণ করে। তখনই তাদের দৃষ্টি খুলে যায়। — আল-বায়ান

যারা তারুওয়া অবলম্বন করে শায়ত্বনের স্পর্শে তাদের মনে কুমন্ত্রণা জাগলে তারা আল্লাহকে স্মরণ করে, তখন তাদের ঈমান-চক্ষু খুলে যায়। — তাইসিকল

যারা আল্লাহভীরু, শাইতান যখন তাদেরকে কু-মন্ত্রণা দেয়, সাথে সাথে তারা আত্মসচেতন হয়ে আল্লাহকে স্মরণ করে এবং তাদের জ্ঞান চক্ষু ফিরে পায়। — মুজিবুর রহমান

Indeed, those who fear Allah - when an impulse touches them from Satan, they remember [Him] and at once they have insight. — Sahih International

- ২০১. নিশ্চয় যারা তাকওয়া অবলম্বন করছে, তাদেরকে শয়তান যখন কুমন্ত্রনা(১) দেয় তখন তারা আল্লাহকে স্মরণ করে এবং সাথে সাথেই তাদের চোখ খুলে যায়।(২)
 - (১) মূল আরবী হচ্ছে, এর আর্থিন বলেন, এর অর্থ ক্রোধ। [তাবারী] ইবন আব্বাস বলেন, এর অর্থ শয়তানের কোন ছোঁয়া বা স্পর্শ। [তাবারী]
 - (২) শয়তান যেহেতু ইসলামের পথের দিকে দাওয়াত দেয়ার কাজটির উন্নতি কখনো দু'চোখে দেখতে পারে না তাই সে হামেশাই এ ব্যাপারে প্রতিকুল পরিস্থিতির সৃষ্টি করে। তাই এ আয়াতে বলা হয়েছে, যারা মুব্রাকী তারা নিজেদের মনে কোন শয়তানী প্ররোচনার প্রভাব এবং কোন অসৎ চিন্তার ছোঁয়া অনুভব করতেই সাথে সাথেই সজাগ হয়ে উঠে। তারপর এ পর্যায়ে কোন ধরনের কর্মপদ্ধতি অবলম্বনে দ্বীনের স্বার্থ রক্ষিত হবে এবং সত্য প্রীতির প্রকৃত দাবী কি তা তারা পরিষ্কার দেখতে পায়। তারা তাওবা করে এবং প্রচুর পরিমাণে সৎকাজ করে। ফলে শয়তান বিফল মনোরথ হয়ে ফিরে যেতে বাধ্য হয়।

পক্ষান্তরে যাদের কাজের সাথে স্বার্থপ্রীতি অংগাংগীভাবে জড়িত এবং এ জন্য শয়তানের সাথে যাদের ভ্রাতৃত্বের সম্পর্ক গড়ে উঠেছে, তারা অবশ্যি শয়তানী প্ররোচনার মোকাবিলায় টিকে থাকতে পারে না এবং তার কাছে



পরাজিত হয়ে ভুল পথে পা বাড়ায়। একের পর এক খারাপ ও পাপের পথে শয়তান তাদেরকে নিয়ে যায়। এসব কাজ করতে তারা সামান্যতমও পিছপা হয় না। সুতরাং শয়তান তাদের পথভ্রষ্টতায় কমতি করে না। আর তারাও খারাপ কাজে যেতে কসূর করে না। [সা'দী]

তাফসীরে জাকারিয়া

- (২০১) নিশ্চয়ই যারা সাবধান হয়, যখন শয়তান তাদেরকে কুমন্ত্রণা দেয়, তখন তারা আত্মসচেতন হয় এবং তৎক্ষণাৎ তাদের চক্ষু খুলে যায়। [1]
 - [1] এতে আল্লাহ-ভীরু লোকেদের সম্পর্কে বলা হয়েছে যে, তারা শয়তান হতে সদা সতর্ক থাকে। طيف، طيف، طائف সেই কল্পনাকে বলা হয় যা অন্তরে বা স্বপ্নে উদয় হয়। এখানে শয়তানের কুমন্ত্রণার অর্থে ব্যবহার হয়েছে। কারণ শয়তানের কুমন্ত্রণাও খেয়ালী কল্পনার সদৃশ হয়ে থাকে। (ফাতহুল কাদীর)

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=1155

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন